HELLENIC REPUBLIC
Ministry of Migration & Asylum

# গ্রীসে আন্তর্জাতিক আশ্রয়ের আবেদনকারীদের জন্য প্রয়োজনীয় তথ্য

আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী একজন তৃতীয় দেশের নাগরিক অথবা রাষ্ট্রহীন নাগরিক, যারা অভ্যর্থনা এবং সনাক্তকরণ কেন্দ্রগুলোতে অবস্থিত আঞ্চলিক কার্যালয় অথবা সত্বন্ত্র শাখা অথবা আশ্রয় কার্যালয়ে আন্তর্জাতিক আশ্রয়ের জন্য আবেদন করে থাকেন। আন্তর্জাতিক আশ্রয়ের জন্য আবেদনকারী আবেদন করেন যেন তাকে নির্বাসিত (ডিপোর্ট) করার না হয়, কারণ তিনি জাতি, ধর্ম, জাতীয়তা, একটি নির্দিষ্ট সমাজভুক্ত, অথবা রাজনৈতিক বিশ্বাস অথবা জন্মসূত্রে যে দেশের নাগরিক বা পূর্ববর্তী যে দেশে অবস্থান করেছিল তাতে মৃত্যুদণ্ড বা তা কার্যকরের ঝুঁকি, নির্যাতন বা অমানবিক বা অবমাননাকর আচরণ বা শাস্তির দ্বারা অথবা জাতীয় বা আন্তর্জাতিক দ্বন্দ্বের কারণে তার জীবন ও সততা বিপন্ন হওয়ার ভয় আছে।

"ডাব্লিন"[1] চুক্তির অন্তর্ভুক্ত কোনো রাষ্ট্র থেকে কোনো বিদেশী গ্রীসে স্থানান্তরিত হন, তাকেও আন্তর্জাতিক আশ্রয়ের জন্য আবেদনকারী হিসেবে বিবেচনা করা হয়।

## আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন কোথায় এবং কিভাবে উপস্থান করবেন :

- আপনার আবেদনটি প্রাপক কর্তৃপক্ষের কাছে জমা দেওয়া হয়। যারা তাৎক্ষণিক পূর্ণাঙ্গ নিবন্ধনের মাধ্যমে তা সম্পাদন করে থাকেন। যোগ্য প্রাপক কর্তৃপক্ষ হলো আঞ্চলিক শরণার্থী কার্যালয় বা কার্যালয়ের স্বতন্ত্র শাখা অথবা শরণার্থী কার্যালয়ের অস্থায়ী শাখা। আপনি যদি আইনগত বৈধ পন্থায় এদেশে প্রবেশ করে না থাকেন অথবা গ্রীসে আইনগত বৈধ পন্থায় বসবাস না করেন, তবে আপনাকে অভ্যর্থনা ও সনাক্তকরণ কেম্পে স্থানান্তর করা হবে। এবং যদি আপনার কাছে নাগরিকত্ব এবং পরিচয় বহনকারী সরকারি কোনো নথি না থাকে সেক্ষেত্রে আপনাকে অভ্যর্থনা ও সনাক্তকরণ ক্যাম্পের নিয়ম অনুসরণ করতে হবে। এই ক্ষেত্রে, আপনি যে অভ্যর্থনা ও সনাক্তকরণ ক্যাম্পে অবস্থান করবেন সেখানে অবস্থিত আঞ্চলিক শরণার্থী কার্যালয়ের শাখা অফিসে আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন জমা করবেন। আপনার আবেদন যাচাই–বাছাই প্রক্রিয়া পঁচিশ (২৫) দিন অতিক্রম না হওয়া

পর্যন্ত আপনাকে ওই ক্যাম্পের ব্যবস্থাপনার মধ্যে বাধ্যতামূলক অবস্থান করতে হবে।

*"ডাব্লিন"[1] এর চুক্তিবদ্ধ দেশগুলো যথাক্রমে: অস্ট্রিয়া, বেলজিয়াম, বুলগারিয়া, ফ্রান্স, জার্মানি, ডেনমার্ক, সুইজারল্যান্ড, এস্তোনিয়া, যুক্তরাজ্য, আয়ারল্যান্ড, , আইসল্যান্ড, স্পেন, ইতালি, সাইপ্রাস, লাতভিয়া, লিথোনিয়া ল লাইচেনস্টাইন, লুক্সেমবার্গ, মালটা, নরওয়ে, নেদারল্যান্ড, হাঙ্গেরি, পোল্যান্ড, পর্তুগাল, রোমানিয়া, স্লোভাকিয়া, স্লোবানিয়া, সুইডেন, চেকপ্রজাতন্ত্র, ফিনল্যান্ড।*

- আন্তর্জাতিক আশ্রয়ের জন্য আপনার আবেদনটি নিজে উপস্থিত হয়ে জমা দিতে হয়। তাছাড়া অনলাইনে এ্যাপস সাহায্যে স্ব—নিবন্ধন ফর্মটি জমা দিতে পারবেন। আপনার পরিবারের সদস্যরা যদি আপনার সাথে অবস্থান করেন এবং সম্মত হন তাদের জন্য ও আশ্রয়ের আবেদন করতে পারবেন। সে ক্ষেত্রে তাদেরকেও আপনার সাথে শরণার্থী কার্যালয়ে উপস্থিত হতে হবে।
- আশ্রয়ের আবেদন চলাকালীন সময়ে কর্মকর্তাদের প্রশ্নের উত্তর সম্পূর্ণ সত্য এবং সঠিকভাবে দিবেন। যদি মিথ্যার আশ্রয় নেন অথবা মিথ্যা ঘটনা উপস্থাপন করেন সেক্ষেত্রে অসত্য তথ্যগুলো আপনার আবেদনের বিপরীতে কাজ করবে।
- আপনি যদি সঙ্গীহীন নাবালক হন অর্থাৎ আপনি আঠার (১৮) বছর বয়সের নিচে হন এবং আপনার সাথে কোন সাবালক না থাকেন আপনার দেখাশোনা করার জন্য, তাহলে কর্মকর্তাগণ অবিলম্বে এ তথ্য ম্যাজিস্ট্রেটের গোচরে আনবেন। গ্রীক আইন অনুযায়ী ম্যাজিষ্ট্রেট আপনার জন্য একজন অভিবাবক নির্ধারণ করবেন। যিনি আপনার সমস্ত দ্বায়–দায়িত্ব গ্রহণ করবেন। আপনার বয়স যদি পনের(১৫) বছরের নিচে হয় সেক্ষেত্রে আপনার অভিভাবক আপনার আবেদন উপস্থাপন করবেন। আর আপনার বয়স যদি পনের(১৫) বছরের উপরে হয়, আপনি নিজেই আপনার আবেদন উপস্থাপন করতে পারবেন। কর্তৃপক্ষ আপনাদের জন্য একটি উপযুক্ত পরিবেশে ও রক্ষণাবেক্ষণ ও সেবা প্রদানের ব্যবস্থা করবেন।
- যখন আন্তর্জাতিক আশ্রয়ের জন্য আবেদন করবেন তখন আপনার এবং আপনার পরিবারের সদস্যদের (যদি থাকে) এবং যাদের বয়স চৌদ্দ(১৪) বছরের উপরে

তাদের আঙ্গুলের ছাপ নেওয়া হবে। আঙ্গুলের ছাপ ইউরোপের **EURODUC** নামক প্রোগ্রামে অন্তর্ভুক্ত করা হবে। আপনি যদি ইউরোপিয়ান ইউনিয়নের অন্য কোন দেশে আন্তর্জাতিক আশ্রয়ের জন্য আবেদন করে থাকেন তাহলে ডাব্লিনIII চুক্তি প্রয়োগ করা হবে। সেক্ষেত্রে আপনার আবেদন পর্যবেক্ষণের জন্য আপনাকে সেই দেশে স্থানান্তর করা হবে।

- আপনাকে আপনার পরিচয় পত্র এবং আপনার পরিবারের সদস্যদের পরিচয় যাচাইকরণ, জন্মের দেশ এবং উৎসস্থান সম্পর্কিত যাবতীয় দলিল, আপনার ভ্রমণ দলিল (পাসপোর্ট) এবং আপনার দখলে থাকা যাবতীয় দলিল যা আবেদন পরীক্ষার সাথে সম্পৃক্ত তা অবশ্যই কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।
- আপনাকে শারীরিকভাবে চেক করা হতে পারে। অথবা আপনার জিনিসপত্র চেক করা হতে পারে। আপনাকে ডাক্তারি পরীক্ষার জন্যও পাঠানো হতে পারে।
- শরণার্থী কার্যালয় আপনার জন্য একটি সাক্ষাৎকারে তারিখ নির্ধারণ করবে এবং আপনাকে আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন কার্ড দেওয়া হবে যার মেয়াদ ছয় মাস পর্যন্ত হতে পারে। এই কার্ডটি সব সময় আপনার সঙ্গে রাখবেন।
  - এটিকে লেমিনেটিং করবেন না
  - এদিকে সব সময় যত্ন সহকারে রাখবেন
  - এটি হারাবেন না, কারণ এটি পুনরায় বানানো কষ্টসাধ্য
- যখন আবেদন গ্রহণ করবেন কর্তৃপক্ষ আপনার বোধগম্য ভাষায় আপনাকে আন্তর্জাতিক আশ্রয়ের প্রক্রিয়া, আপনার অধিকার এবং আপনার দ্বায়—দায়িত্ব সম্পর্কে আপনাকে অবহিত করবেন।
- যদি আপনি কোন ধরনের শারীরিক নির্যাতনের শিকার হন, সে বিষয়ে কর্তৃপক্ষকে অবগত করুন যাতে তারা আপনাকে সহায়তা করতে পারেন।
- আপনি জাতিসংঘের শরণার্থী বিষয়ক কমিশন **(UNHCR)** অথবা অন্য কোন সংস্থার সাথে যোগাযোগ করতে পারেন, যারা আপনাকে আইনি পরামর্শ, চিকিৎসা সাহায্য এবং মানসিক সাহায্য প্রদান করতে পারে।
- আশ্রয়প্রার্থী চলাকালীন সময়ে উকিল অথবা উপদেষ্টার সাহায্য চাইতে পারেন (আশ্রয় কার্যালয়ের মধ্যস্থতা ব্যতীত)। তবে উকিল অথবা উপদেষ্টার সকল খরচ আপনাকে বহন করতে হবে।

- যদি আপনি চান সাক্ষাৎকার শুরুর পূর্বে প্রস্তুতি নেওয়ার জন্য উকিল অথবা পরামর্শকের সঙ্গে পরামর্শ করার জন্য আপনাকে কিছু সময় দেওয়া যেতে পারে।
- সাক্ষাৎকার কর্মকর্তা এবং দোভাষী আপনি আপনার পছন্দ মত (পুরুষ অথবা মহিলা) চাইতে পারেন, তার জন্য আপনাকে গুরুত্বপূর্ণ কারণ দর্শাতে হবে। তবে এই বিষয়টি নির্ভর করবে কর্তৃপক্ষের উপরে এবং সম্ভব হলে সেই ইচ্ছা পূরণ করা হবে।
- আপনি যদি সঙ্গীহীন অপ্রাপ্তবয়স্ক হন, তবে আপনারা অভিভাবকের কাছ থেকে আপনার সাক্ষাৎকার এর খবর জানতে পারেন। আপনার অভিভাবককে আমন্ত্রণ জানানো হবে এবং চাইলে তিনিও সাক্ষাৎকারে আপনার সাথে উপস্থিত থাকতে পারবেন। আপনার বয়স নির্ধারণের জন্য কর্তৃপক্ষ চাইলে আপনার ডাক্তারি পরীক্ষা করতে পারেন। এই জন্য আপনাকে এবং আপনারা অভিভাবককে অবগত করা হবে এবং এতে আপনাদের দুজনেরই একমত হতে হবে।

## আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন প্রত্যাহার এবং পুনরাহ্বান

আপনি চাইলে যেকোনো সময়ে আপনার আবেদনটি প্রত্যাহার করে নিতে পারবেন। তার জন্য আপনি যে আশ্রয় অফিসে আশ্রয়ের জন্য আবেদন করেছিলেন সেখানে এসে লিখিতভাবে আবেদন করতে হবে। যদি আশ্রয়ের আবেদন প্রত্যাহার করে নেন তাহলে আপনার আবেদনটি আর পর্যালোচনা করা হবে না এবং এই দেশে বসবাসের জন্য অন্য কোনো কাগজপত্র না থাকলে তবে আপনার এই দেশ ত্যাগ করতে হবে।

নিম্নলিখিত ক্ষেত্রে আশ্রয় কার্যালয় আপনি আপনার আবেদনের (অন্তর্নিহিত প্রত্যাহার) পরীক্ষা চালিয়ে যেতে আগ্রহী নন বলে বিবেচনা করবে:

১) যদি কর্তৃপক্ষ চাওয়ার পরেও আপনি আপনার আবেদনের গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করতে অস্বীকার করেন।

২) যদি আপনি আপনার সাক্ষাৎকারে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে উপস্থিত না থাকেন।

৩) যদি আপনি জেল থেকে পলায়ন করেন।

৪) যদি আটক অবস্থায় পুলিশের দেওয়া বাধ্যবাধকতা গুলো মেনে না চলেন।

৫) যদি কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আবাসন থেকে না জানিয়ে চলে যান।

৬) যদি আশ্রয় কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে এ দেশ ত্যাগ করেন।

৭) যদি আপনি বসবাসের স্থান এবং আপনার সাথে যোগাযোগের তথ্যাবলী পরিবর্তন করেন এবং তা অবিলম্বে কর্তৃপক্ষকে অবহিত না করেন।

৮) যদি আপনাকে আশ্রয় কার্যালয় আহবান করার পরেও যোগাযোগ না করেন।

৯) যদি আপনার কাছে আছে প্রমাণিত অথবা আপনার দখলে থাকা এমন দলিল যা চাইলে জমা করতে পারেন, কিন্তু করেননি।

১০) যদি আপনার কার্ড মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরবর্তী কার্যদিবসেও নবায়ন করতে না আসেন।

১১) যদি আপনি কর্তৃপক্ষকে সহযোগিতা করে নিয়ম লঙ্ঘন করেন।

১২) আপনি যদি স্থানান্তরের আদর্শ মেনে তা সম্পন্ন না করেন অথবা অভ্যর্থনা ও শরণার্থী ক্যাম্পের প্রক্রিয়া অস্বীকার করেন আন্তর্জাতিক আবেদনের প্রক্রিয়া মসৃণ ভাবে সম্পন্ন করার কাজে বাধা প্রদান করেন। কর্তৃপক্ষের সিদ্ধান্ত মতে যদি মনে করেন যে আপনি আবেদন (আবেদনের অন্তর্নিহিত প্রত্যাহার) প্রত্যাহার করে নিয়েছেন। এক্ষেত্রে, কর্তৃপক্ষ উপলব্ধ তথ্যের ভিত্তিতে আপনার আবেদন যাচাই-বাছাই করবে এবং তারা এটিকে ভিত্তিহীন বলে বিবেচনা করবে এবং তা প্রত্যাখ্যান করে দিবেন। যদি কর্তৃপক্ষ আপনার আবেদনটি প্রত্যাখ্যান করে দেন, তবে আপিল বোর্ডের কাছে আপিল আবেদন করার অধিকার আপনার আছে।

যদি কর্তৃপক্ষ মনে করেন যে আপনার আবেদনটি যাচাই-বাছাইয়ের জন্য পর্যাপ্ত তথ্য নেই সেই ক্ষেত্রে আপনার আবেদনটি স্থগিত করার সিদ্ধান্ত গ্রহণ করবেন। যদি আপনার আবেদনটি স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয় সেক্ষেত্রে আপনাকে আপনার দেশে ফেরত পাঠানোর প্রস্তুতি শুরু হবে। তবে, আপনার আবেদন স্থগিতের সিদ্ধান্ত গৃহীত হবার নয় (৯) মাসের মধ্যে আবেদনটি পুনবহাল করার জন্য আবেদন করতে পারবেন অথবা

HELLENIC REPUBLIC
Ministry of Migration & Asylum

নতুনভাবে আশ্রয় আবেদন করার অধিকার আপনার আছে। তবে এই সুযোগটি শুধু একবারই পাবেন।

**আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন পর্যবেক্ষণের প্রক্রিয়া**:

- আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন প্রক্রিয়া টি উন্মুক্ত এবং বিনামূল্যে করা হয়।তৃতীয় দেশের নাগরিক অথবা রাষ্ট্রহীন নাগরিকদের আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন করার অধিকার আছে।
- আপনার আবেদন এর পূর্ণাঙ্গ নিবন্ধনে আপনার পরিচয়, জন্মের দেশ, পিতা মাতার নাম, স্বামী/স্ত্রীর এবং সন্তানদের নাম, ই-মেইল যদি থাকে, বায়োমেট্রিক সনাক্তকরণ, যে কারণে আন্তর্জাতিক আশ্রয় চান তার পূর্ণাঙ্গ তথ্য, বসবাসের ঠিকানা অথবা যেখানে অবস্থান করছেন এবং যে ভাষায় আপনার আবেদন পর্যালোচনা করতে চান তার উল্লেখ থাকবে। সেই সাথে, আপনি যদি চান আপনার অনুমোদিত প্রতিনিধির তথ্য উল্লেখ থাকবে।
- যদি কোনো কারণবশত আপনার পূর্ণাঙ্গ নিবন্ধন করা সম্ভব না হয়, সেক্ষেত্রে আপনি আবেদন করার তিন (৩) কার্য দিবসের মধ্যে আপনার সংক্ষিপ্ত তথ্যসহকারে যে ভাষা আপনার আবেদন প্রক্রিয়া এবং তার পর্যালোচনা করতে চান তার উল্লেখ করা প্রাথমিক নিবন্ধন অবশ্যই করতে হবে। অতঃপর আপনার পূর্ণাঙ্গ নিবন্ধন করার নির্দিষ্ট তারিখ সম্পর্কে আপনাকে অবহিত করা হবে এবং আপনার পরিচয় ও ছবি সংযোজিত একটি কাগজ আপনাকে দেওয়া হবে। আপনার পূর্ণাঙ্গ নিবন্ধনের দিন আপনাকে তা ফেরত দিতে হবে এবং এর পরিবর্তে আপনাকে আন্তর্জাতিক আশ্রয়ের কার্ড দেওয়া হবে।
- আপনি যখন আবেদন করবেন, তখন আপনার এবং আশ্রয় অফিসের কর্মকর্তাদের সাথে যোগাযোগে সহায়তা করার জন্য আপনার বোধগম্য ভাষায় একজন দোভাষী থাকবেন।
- আপনাকে অবশ্যই আপনার ভ্রমণ দলিল (পাসপোর্ট) জমা দিতে হবে, তাছাড়াও আপনার দখলে থাকা অন্যান্য দলিল যা আপনার আবেদন পর্যালোচনা সাথে সম্পৃক্ত এবং আপনার এবং আপনার পরিবারের সদস্যদের পরিচয় সনাক্তকরণ

দলিল, অথবা আপনার জন্মের দেশ এবং উৎপত্তি স্থান এবং সেই সাথে আপনার দাম্পত্য স্থিতির দলিল জমা দিতে হবে।

- আপনার জন্য নির্ধারিত দিনে আশ্রয় অফিসের কর্মকর্তার কাছে আপনার ব্যক্তিগত সাক্ষাৎকার দিবেন। সম্পূর্ণ সততার সাথে কর্মকর্তার সকল প্রশ্নের উত্তর দিবেন, সত্য কথা গোপন করবেন না যা আপনার আবেদনের সাথে সম্পৃক্ত। যদি কোন অসত্য ঘটনা বা অভিযোগ উপস্থাপন করেন সেটা আপনার আবেদনের বিপরীতে কাজ করবে।
- আপনি আবেদনের যে সকল বিষয় উল্লেখ করেছেন সাক্ষাৎকারের সময় কর্মকর্তা আপনাকে সে সকল বিষয়ের উপর প্রশ্ন করবেন। আপনার পরিচয় সম্বন্ধে, কিভাবে গ্রিসে এসেছেন, আপনি যে সকল কারণে নিজ দেশ ত্যাগ করেছেন অথবা আপনি যে দেশে বসবাস করতেন সেই দেশ ত্যাগ করেছেন, এবং যে কারণে আপনি ফিরে যেতে চান না, বা পারবেন না। সাক্ষাৎকার চলাকালীন সময়ে যেকোন অপরিহার্য ঘটনা বা তথ্য উদঘাটন করতে পারবেন।
- যদি ভাষার কারণে কর্মকর্তাদের সাথে কথাবার্তা বা যোগাযোগ স্থাপন করতে ব্যর্থ হন, সেখানে একজন দোভাষী উপস্থিত থাকবেন।
- সাক্ষাৎকারের সময় আপনার উকিল অথবা অন্যান্য উপদেষ্টাদের (আইনজীবী ডাক্তার মনোবিজ্ঞানী অথবা সমাজ সেবক) সাথে নিয়ে আসতে পারবেন।
- সাক্ষাৎকারের সময় যা বলবেন তার সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হবে।
- সাক্ষাৎকার রেকর্ড করা হতে পারে। সাক্ষাৎকার শেষে আশ্রয় কর্মকর্তা একটি রিপোর্ট তৈরি করবেন, যেখানে আপনার মূল বক্তব্য এবং সাক্ষাৎকার এর মূল বিষয়গুলো উল্লেখ থাকবে। যদি সাক্ষাৎকার রেকর্ড করা না হয় তখন আরেকটি রিপোর্ট সংযুক্ত করা হবে, সেখানে সাক্ষাৎকারের প্রশ্ন এবং উত্তর গুলো লেখা থাকবে। সেই ক্ষেত্রে আপনি দোভাষীর সাহায্যে রিপোর্ট চেক করে নিবেন এবং কোন ভুলত্রুটি থাকলে তা সংশোধন করে দিতে বলবেন। অতঃপর রিপোর্টে দস্তখত করবেন।আপনি চাইলে রিপোর্টের কপি অথবা রেকর্ডকৃত সাক্ষাৎকারের একটি কপি নিতে পারবেন।

- সাক্ষাৎকারের পর কার্যালয় একটি সিদ্ধান্ত নিবেন,এতে আপনাকে শরণার্থী পদবী মঞ্জুর করবেন অথবা সাহায্যকারী প্রতিরক্ষা মঞ্জুর করবেন অথবা আপনার আবেদন নাকচ করে দিবেন।
- যদি আপনি সঙ্গীহীন অপ্রাপ্তবয়স্ক হন, তবে আপনি আপনার অভিভাবকের নিকট হতে আপনার সাক্ষাৎকার সম্পর্কে জানতে পারেন। আপনার অভিভাবককে আমন্ত্রণ জানানো হবে এবং চাইলে সাক্ষাৎকারে তিনি উপস্থিত থাকতে পারবেন। যদি আপনার বয়স সম্পর্কে কর্তৃপক্ষের কোনো সন্দেহ জাগে, তবে তারা আপনার বয়স নির্ধারণের জন্য ডাক্তারি পরীক্ষা করতে পারেন। এটার জন্য আপনাকে এবং আপনার অভিভাবককে জানানো হবে এবং আপনি অথবা আপনার অভিভাবক একমত হতে হবে।
- যখন আপনার আবেদনের সিদ্ধান্ত প্রকাশ করা হবে, তখন আপনাকে জানানো হবে যেন আপনি সেটা নিয়ে আসতে পারেন। আপনাকে টেলিফোনের মাধ্যমে অথবা চিঠির মাধ্যমে অথবা টেলিগ্রাম এর ফ্যাক্স এর মাধ্যমে অথবা আপনাকে ই-মেইল করা হবে।
- আশ্রয় কার্যালয় আপনার আবেদনের সিদ্ধান্ত অবশ্যই আপনার বোধগম্য ভাষায় দোভাষীর সাহায্য প্রদান করবে।

## আন্তর্জাতিক আশ্রয়ের আবেদনকারীর অধিকার ও বাধ্যবাধকতা সমূহ:

### *আন্তর্জাতিক আশ্রয়ের আবেদনকারীর অধিকার*

**গ্রিসে আন্তর্জাতিক আশ্রয়ের আবেদনকারী হিসেবে নিম্নের অধিকার গুলো পাবেন:**

- আপনার আবেদন পরীক্ষা সম্পন্ন হওয়া পর্যন্ত গ্রীসে থাকার অধিকার আপনার আছে এবং আপনার আবেদন পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত আপনাকে নির্বাসন (ডিপোর্ট) করা নিষেধ।
- আপনাকে যে কার্ডটি দেওয়া হয়েছে সেটা দিয়ে এই দেশে স্বাধীনভাবে চলাফেরা করতে পারবেন। যদি না, কার্ডটি দিয়ে এদেশের নির্দিষ্ট অংশ ভ্রমণের অনুমতি দেওয়া হয়, তারমানে ভৌগোলিকভাবে নির্দিষ্ট করে দেওয়া হয়।
- যদি আপনি কাজ না করে থাকেন এবং আপনার আর্থিক সংস্থান গুলো আপনার দৈনন্দিন চাহিদা পূরণে পর্যাপ্ত না হয়, এক্ষেত্রে আপনি আর্থিক ভাতা

পাওয়ার অধিকার রয়েছে। তাছাড়াও অতিথেয়তা কেন্দ্র অথবা অন্যান্য আবাসনে (বেসরকারি বাসস্থান অথবা হোটেলে প্রোগ্রামের মাধ্যমে) আবাসনের জন্য আবেদন করতে পারেন। যদি আবাসন প্রকল্পে জায়গা খালি থাকে তবে আপনার আবেদনটি গ্রহণ করা হবে।

- যদি আপনার কাছে আন্তর্জাতিক আশ্রয়ের কার্ড থাকে তবে আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন জমা দেওয়ার ছয় (৬) মাস অতিক্রম করার পর থেকে গ্রীক আইনের নির্ধারিত শর্ত মোতাবেক আপনার কাজ করার অধিকার রয়েছে।
- কর্মচারী হিসেবে গ্রীক নাগরিকদের মত আপনার বীমার অধিকার এবং বাধ্যবাধকতা রয়েছে।
- সেইসাথে চিকিৎসা ও ঔষধ এবং হাসপাতালের সেবা নিতে পারবে। যার জন্য আপনাকে একটি অস্থায়ী বীমা এবং স্বাস্থ্যসেবা **(Π.Α.Α.Υ.Π.Α)** নাম্বার দেওয়া হবে।
- আপনার সন্তানদের বিনামূল্যে প্রাথমিক শিক্ষার অধিকার রয়েছে।
- যদি আপনি প্রাপ্তবয়স্ক হন তবে আপনার মাধ্যমিক শিক্ষার অধিকার রয়েছে।
- পেশাগত প্রশিক্ষণ গ্রহণের অধিকার আপনার রয়েছে।
- যদি আপনি ৬৭% বা তার বেশী প্রতিবন্ধী ব্যক্তি হন এবং অতিথেয়তা অথবা আবাসন কেন্দ্রে আপনার থাকা সম্ভব নয়, সে ক্ষেত্রে প্রতিবন্ধী ভাতা পাওয়ার অধিকার আপনার রয়েছে।

***আন্তর্জাতিক আশ্রয়ের আবেদনকারীদের বাধ্যবাধকতা***

**গ্রিসে আন্তর্জাতিক আসরের আবেদনকারী হিসেবে আপনার বাধ্যবাধকতা সমূহ নিম্নরূপ:**

- আপনি গ্রিসের বাহিরে ভ্রমণ করতে যেতে পারবেন না — বিশেষ পরিস্থিতিতে যদি গুরুতর মানবিক কারণ দেখা দেয়, যেমন অন্য দেশে অবস্থানের কারণে আপনার স্বাস্থ্যগত জটিল সমস্যা দেখা দেয় এবং তা প্রমাণ হয়। সে ক্ষেত্রে আশ্রয় কার্যালয়ে আপনার ভ্রমণ নথি জারি করার জন্য আবেদন করতে হবে।যদি আপনি আশ্রয় কার্যালয়ে অভিহিত না করে এ দেশ ত্যাগ করেন, তবে আপনার আশ্রয়ের আবেদনটি স্থগিত করে দেওয়া হবে।

- আপনার আবেদনের পর্যালোচনা শেষ না হওয়া পর্যন্ত আপনাকে গ্রীস অবস্থান করতে হবে।
- আপনার জন্মের দেশ থেকে আপনার পরিবার গ্রীসে আনতে পারবেন না।
- আপনাকে অবশ্যই গ্রীসের কর্তৃপক্ষকে সহযোগিতা করতে হবে। বিশেষ করে আপনার আবেদনের ক্ষেত্রে এবং আপনার তথ্য এবং পরিচয় শনাক্ত করার ব্যাপারে।
- কর্তৃপক্ষ কর্তৃক যখনই আপনাকে ডাকা হবে তখনই বিলম্ব না করে ব্যক্তিগতভাবে আপনাকে কর্তৃপক্ষের নিকট উপস্থিত হতে হবে।
- আপনাকে অবশ্যই আপনার ভ্রমণ দলিল (পাসপোর্ট) হস্তান্তর করতে হবে। তাছাড়াও আপনার পরিচয় বহন করে কোন নথি, আপনার জন্মের দেশ বা উৎস স্থান এর নথি এবং সেই সাথে আপনার বৈবাহিক স্থিতির প্রমান সহ আপনার দখলে থাকা অন্যান্য কাগজপত্রও হস্তান্তর করতে হবে।
- আশ্রয় কার্যালয়কে আপনার বাসস্থানের ঠিকানা এবং যোগাযোগের তথ্য বিবরণী এবং সেই সাথে কোন পরিবর্তন (পরিপূরক: লিঙ্ক ৬) করলে তা অবিলম্বে অবহিত করতে হবে। যোগাযোগের তথ্য বিবরণী পরিবর্তনের জন্য আপনি অনলাইনেও ( লিঙ্ক: অনলাইন আবেদন) আবেদন জমা দিতে পারবেন। আশ্রয় কার্যালয় আপনার আবেদনের সাথে সম্পৃক্ত সকল কাগজপত্র আপনার প্রদত্ত ঠিকানায় প্রেরণ করবে।
- আপনার আবেদন পর্যালোচনা প্রক্রিয়ার বিভিন্ন পর্যায়ে আপনাকে প্রদত্ত সময়সীমা গুলো মেনে চলবেন।
- আমরা কার্ডটি মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগে সময়মতো পুনর্নবীকরণ এর ব্যবস্থা নিবেন, এবং তা সর্বোচ্চ সময়সীমা কার্ডটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরবর্তী কার্যদিবস পর্যন্ত।
- যদি আপনি রাষ্ট্র থেকে সুবিধা ভোগ করে থাকেন তবে আপনাকে অবশ্যই আপনার সত্যিকারের অর্থনৈতিক অবস্থা প্রকাশ করতে হবে।

- নিম্নলিখিত কারণে আপনাকে অভ্যর্থনা কেন্দ্রে অথবা অন্যান্য জায়গায় বিনামূল্যে বসবাসের অধিকার থেকে বঞ্চিত করা হতে পারে:

- যদি উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত না করে আপনি অভ্যর্থনা আবাসন কেন্দ্র ত্যাগ করেন।
- যদি আপনি আপনার ব্যক্তিগত তথ্য পরিবর্তনের তথ্য প্রতিবেদন না করেন বা আপনার আবেদনের সাথে সম্পৃক্ত তথ্যের ব্যাপারে অনুরোধের পরও সাড়া না দেন, অথবা নির্ধারিত তারিখে আপনার ব্যক্তিগত সাক্ষাৎকারে উপস্থিত না থাকেন।
- যদি কোন যুক্তিসঙ্গত কারণ ছাড়াই আন্তর্জাতিক আশ্রয়ের জন্য অবিলম্বে আবেদন না করা।
- যদি আপনি আপনার আর্থিক সংস্থান গোপন করেন অথবা অভ্যর্থনা কেন্দ্রের সেবা থেকে অন্যায় ভাবে সুবিধা ভোগ করেন।
- যদি অভ্যর্থনা কেন্দ্রে নিয়মাবলী লংঘন করেন।

- কর্তৃপক্ষকে সহযোগিতার দায়িত্ব লংঘন করা, অথবা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ না করা, আবেদনের পরীক্ষার জন্য প্রয়োজনীয় তথ্য উপস্থাপনে অসহযোগিতা করা, আপনার আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে বাধা দেওয়া এবং ফলস্বরূপ যা আপনার আবেদনের পরীক্ষায় বিঘ্ন ঘটায়।

**আপিল এবং দ্বিতীয় পর্যায়ে আবেদন পুনর্বিবেচনা করার অধিকার:**

- যদি আপনার আবেদন বাতিল হয়ে যায়, বা আপনাকে সহায়ক আশ্রয়ের মর্যাদা দেয়া হয় এবং আপনি মনে করেন আপনি শরণার্থী মর্যাদার অধিকারী, তবে আপনি আপিল বোর্ডের কাছে আবেদন করার অধিকার আছে। এটা আপনাকে আঞ্চলিক আশ্রয়ের কার্যালয় অথবা আঞ্চলিক আশ্রয়ের শাখা অফিসে আপনাকে প্রদত্ত সিদ্ধান্তের মধ্যে উল্লেখিত সময়সীমার মধ্যে আপিল আবেদন করতে হবে।
- যদি আপনি আঞ্চলিক আশ্রয়ের কার্যালয় (অথবা স্বতন্ত্র শাখা অফিস) , যেখান থেকে আপনার সিদ্ধান্ত জারি করা হয়েছে তার থেকে দূরে বসবাস করেন, সেক্ষেত্রে আপনার নিকটবর্তী আঞ্চলিক আশ্রয়ের কার্যালয়ে আপনার আপিল আবেদনটি জমা করতে পারবেন। সে ক্ষেত্রে আপনারা আপিল আবেদনটি একই দিনে অনলাইনে আঞ্চলিক আশ্রয়ের কার্যালয় অথবা আশ্রয় কার্যালয়ের স্বতন্ত্র

শাখা যেখান থেকে আপনার সিদ্ধান্তটি জারি করা হয়েছে সেখানে প্রেরণ করা হবে। আপনি অথবা আপনার উকিল দ্বারা স্বাক্ষরিত দলিলটি (আপিল আবেদন) আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে আশ্রয় কার্যালয়ের যোগ্য কর্তৃপক্ষের নিকট জমা দিবেন। আপনি যদি বন্দি হন তবে আপনার আটক কেন্দ্র অথবা কেন্দ্রের প্রধানের নিকট আবেদন করতে হবে, যিনি ফ্যাক্স বা অন্যান্য অনলাইন উপায়ে আঞ্চলিক আশ্রয়ের কার্যালয় অথবা আশ্রয় কার্যালয়ের শাখা অফিস যেখান থেকে আপনার সিদ্ধান্তটি জারি করা হয়েছিল সেখানে প্রেরণ করবে।

- আপিল আবেদন জমা করার পর আপনাকে একটি নতুন আন্তর্জাতিক আশ্রয়ের কার্ড দেওয়া হবে।
- নির্দিষ্ট আপিল কমিটি আপিল পর্যবেক্ষণ করবেন। আপনার ফাইল এর উপর ভিত্তি করে আপিল কমিটি আপনার আপিল পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজন হলে আপনাকে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। অবশ্য এর আগে আপনাকে খবর দেওয়া হবে, কখন আপনারা আপিল পর্যবেক্ষণ করা হবে এবং আপনাকে জানানো হবে কখন নতুন কোন তথ্য (যদি দিতে চান) উপস্থাপন করতে পারবেন, যাতে কমিটি তাদের বিবেচনায় আনতে পারেন।
- আপনার আপিল আলোচনা তারিখে আপনাকে ব্যক্তিগতভাবে আপিল কর্তৃপক্ষের নিকট উপস্থিত থাকতে হবে। অন্যথায় আপনার আপিল আবেদন বাতিল হয়ে যাবে।
- আপনি যদি চান আপনার আপিলের পর্যবেক্ষণ বাতিল করতে পারেন। আপনি নিজেই যেখানে আপিল করেছিলেন সেখানে গিয়ে লিখিতভাবে আপনার আপিল বাতিল করতে পারেন। যদি আপিল বাতিল করেন, আপনারা আপিল আর পর্যবেক্ষণ করা হবে না। সেক্ষেত্রে আপনাকে দেশ ত্যাগ করতে হবে যদি এদেশে বসবাস করার জন্য অন্যকোন বৈধ কাগজপত্র না থাকে।
- আপিল কমিটি বিবেচনা করতে পারেন যে আপনার আপিল পর্যালোচনায় আপনার কোনো আগ্রহ নেই (অন্তর্নিহিত প্রত্যাখ্যান)। যেক্ষেত্রে পর্যবেক্ষণ বন্ধ অথবা আবেদন নাকচ করা হতে পারে:

  ১) যদি কর্তৃপক্ষ হতে চাওয়া কোনো গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করত অস্বীকার করা।

২) যদি আপনি জেল থেকে পলায়ন করেন।
৩) আটক পূর্বে পুলিশ কর্তৃপক্ষ প্রদত্ত করণীয় পালনে অক্ষম হন।
৪) যদি আপনি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বাসস্থান থেকে না জানিয়ে চলে যান।
৫) যদি আশ্রয় কার্যালয়ের অনুমতি ছাড়া দেশ ত্যাগ করেন।
৬) যদি আপনার বসবাসের ঠিকানা এবং যোগাযোগের তথ্য পরিবর্তন করত তা অবিলম্বে আশ্রয় কার্যালয়ের কর্তৃপক্ষকে অবহিত না করেন।
৭) যদি আপনাকে ডাকা সত্ত্বেও আপিল কমিটির সাথে যোগাযোগ না করেন।
৮) যদি আপনার শরণার্থী কার্ডটি মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরবর্তী কার্যদিবসে ও নবায়ন না করেন।
৯) যদি আপনার কাছে আছে প্রমাণিত এমন কোন দলিল অথবা আপনার দখলে থাকা কাগজপত্রগুলো যা জমা করতে পারো সত্ত্বেও না করেন।

- যদি আপিল কমিটি আপনার সাক্ষাৎকার নেওয়ার সিদ্ধান্ত নেয়, সেক্ষেত্রে আপনাকে কমপক্ষে দশ (১০) কার্যদিবসের আগে অবহিত করবে। আপিল কমিটির নিকট আপনার উকিল অথবা অন্যান্য পরামর্শককে সাথে নিয়ে যাওয়ার অধিকার আছে।
- আপিল কমিটির সিদ্ধান্ত নিবেন শরণার্থী পদবী মঞ্জুর অথবা আপিল নাকচ করার ব্যাপারে।
- আশ্রয় কার্যালয়ের সিদ্ধান্ত আপনি যে প্রক্রিয়ায় গ্রহণ করেছেন ঠিক একই প্রক্রিয়ায় আপিল কমিটির সিদ্ধান্ত গ্রহণ করবেন।
- আপনার মামলার পরিস্থিতির উপর নির্ভর করে আপিলের সিদ্ধান্ত পনের (১৫) দিন থেকে তিন (৩) মাসের মধ্যে জারি করা হবে।
- যদি আপনার আবেদনটি প্রত্যাখ্যাত হয় অথবা আপনাকে সহায়ক সুরক্ষা পদক প্রদান করা হয় অথচ আপনি মনে করেন যে আপনি শরণার্থী পদবীর অধিকারী, সেক্ষেত্রে আপিলের সিদ্ধান্ত জারীর দিন থেকে ত্রিশ (৩০) দিনের মধ্যে প্রথম প্রশাসনিক আদালতে আপিল আবেদনের সিদ্ধান্ত বাতিলের আবেদন করতে পারবেন। বাতিলের আবেদনে স্বয়ংক্রিয়ভাবে আপনার সিদ্ধান্তটি স্থগিত হয় না,

অর্থাৎ যদি আপনার আপিল আবেদন প্রত্যাখ্যাত হয় সেক্ষেত্রে আপনাকে দেশ থেকে অপসারণ করা হতে পারে।

**আন্তর্জাতিক আশ্রয়ের আবেদনারীদের আটক (বন্দি) অবস্থা:**

- যদি আপনি আটক অবস্থায় থাকেন অথবা অভ্যর্থনা ও সনাক্তকরণ কেন্দ্রে **(KYT)** অবস্থান করেন, , এক্ষেত্রে আটক কর্তৃপক্ষ অথবা অভ্যর্থনা সনাক্তকরণ কেন্দ্রের কর্তৃপক্ষ আপনার আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন এর ইচ্ছা আশ্রয় কার্যালয়কে অবহিত করবেন। এবং আপনার আবেদনটি নিবন্ধনের জন্য সময় নির্ধারণ করা হবে।
- নিবন্ধনের দিন আপনাকে নিকটবর্তী আঞ্চলিক আশ্রয়ের কার্যালয়ে নিয়ে যাওয়া হবে। অথবা আপনি যেখানে অবস্থান করছেন সেখানে অবস্থিত আশ্রয় কার্যালয়ের শাখা অফিসে আপনার আবেদনের নিবন্ধন করা হবে।
- আপনার নিবন্ধনটি আপনি যে ভাষা বুঝেন সেই ভাষার দোভাষীর সাহায্যে করা হবে। নিবন্ধন প্রক্রিয়া সম্পর্কিত প্রয়োজনীয় সকল তথ্য আশ্রয় কার্যালয়ের কর্মকর্তা আপনাকে সরবরাহ করবেন।
- যদি আপনার সাথে আপনার পরিচয় বহনকারী কোন দলিল যেমন পাসপোর্ট, অথবা অন্যান্য কাগজপত্র যা আপনার আবেদনের সাথে সম্পৃক্ত তা সঙ্গে রাখবেন। আপনার আবেদন জমা দেওয়ার সময় আপনার ছবি তোলা হবে এবং আপনার আঙ্গুলের ছাপ নেওয়া হবে।
- নিবন্ধনের শেষে আপনাকে আন্তর্জাতিক আশ্রয়ের কার্ড দেওয়ার পরিবর্তে সাক্ষাৎকারে উপস্থিত হওয়া তারিখ উল্লেখ করে একটি কাগজ দেওয়া হবে।
- যদি আপনাকে শাস্তিযোগ্য অপরাধ এর কারণে আটক রাখা হয় এবং আপনি আন্তর্জাতিক আশ্রয়ের জন্য আবেদন করেন। সেক্ষেত্রে আপনাকে প্রদত্ত সাজা সম্পন্ন না হওয়া পর্যন্ত আপনার আটক অবস্থা বহাল থাকবে।
- যদি আপনি আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন উপস্থাপন করেন এবং আপনি জেলে থাকেন, কারণ আপনি অবৈধভাবে এ দেশে প্রবেশ করেছেন অথবা আপনার নির্বাসন (ডিপোর্ট) অনুমোদন করা হয়ে থাকে। সেক্ষেত্রে আপনার আটক অবস্থা

বহাল রাখা হতে পারে যদি গ্রীক পুলিশ কর্তৃপক্ষ বিবেচনা করেন যে অন্য কোন আইন আপনার ক্ষেত্রে প্রযোজ্য হচ্ছে না:

১) আপনার সত্যিকারের নাম পরিচয় এবং কোন দেশের নাগরিক তা নিরীক্ষণ করার জন্য আটক রাখা হতে পারে।

২) আপনি আপনার আবেদনের জন্য যে সকল তথ্য উপস্থাপন করেছেন তার সত্যতা যাচাই অথবা কোন অবস্থাতেই সে তথ্য সংগ্রহ করা সম্ভব না হয়। এবং যদি পলায়নের সম্ভাবনা থাকে।

৩) যদি কোনো নির্ভরযোগ্য তথ্য প্রকাশ হয় যে, আবেদনকারী আবেদন করেছেন শুধুমাত্র উনার নির্বাসন (ডিপোর্ট) এর সিদ্ধান্ত বাধাগ্রস্ত করার জন্য অথবা বিলম্ব করানোর জন্য।

৪) যদি আপনি জাতীয় নিরাপত্তা অথবা জনজীবনের জন্য বিপদজনক হন।

৫) যদি আপনার পলায়নের গুরুতর সম্ভাবনা থাকে, ইউরোপীয় ইউনিয়নের আইনের ধারা ৬০৪/২০১৩ অনুযায়ী আপনার হস্তান্তরের প্রক্রিয়া নিশ্চিত এবং মসৃণ করার লক্ষ্যে।

- কি কারনে আপনাকে আটক রাখা হয়েছে তার উপর নির্ভর করে আপনার আটক অবস্থা পঞ্চাশ (৫০) দিন থেকে আঠার (১৮) মাস পর্যন্ত হতে পারে। আপনাকে আটক রাখার সিদ্ধান্ত পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা গ্রহণ করেন এবং অবশ্যই বিস্তারিত বর্ণনা সহকারে কেন আপনাকে আটক রাখার সিদ্ধান্ত নিয়েছেন তা জানাবেন।
- আপনি যে জেলায় আটক আছেন, সেখানকার আদালতের বিচারকের নিকট অথবা প্রশাসনিক আদালতের প্রথম আদালতের কর্তৃপক্ষের নিকট আপনার আটকের ব্যাপারে আপত্তি জানানোর অধিকার আছে।
- যদি আপনি আপনার আবেদন প্রত্যাহারের সিদ্ধান্ত নেন, তাহলে আশ্রয় কার্যালয়ের যোগ্য কর্তৃপক্ষের নিকট উপস্থিত হতে হবে। যদি আপনি যেখানে আটক আছেন সেখানকার আশ্রয় অফিসের স্বতন্ত্র শাখা অথবা নিকটবর্তী আশ্রয় অফিস কাজ না করে, তবে আপনাকে নিকটবর্তী আঞ্চলিক আশ্রয়ের কার্যালয়ে উপস্থিত করা হবে।

HELLENIC REPUBLIC
Ministry of Migration & Asylum

- যদি আপনি বন্দী হন অথবা আশ্রয় কার্যালয়ের অভ্যর্থনা ও আবাসন কাঠামোতে অবস্থান করেন,তবে আপনাকে আন্তর্জাতিক আশ্রয়ের কার্ডটি আপনাকে যেদিন মুক্তি দেয়া হবে অথবা অভ্যর্থনা অবসান অফিসের প্রক্রিয়া সম্পন্ন করার পর অবশ্যই তা অনুমোদন করা হবে। আর যদি আপনার আবেদনের পরীক্ষা প্রক্রিয়াধীন থাকে তাহলে অবশ্যই আঞ্চলিক আশ্রয়ের কার্যালয়ে অবিলম্বে উপস্থিত হয় যোগাযোগের তথ্য বিবরণী জানাতে হবে এবং আপনার কার্ডটি ইতিমধ্যেই অনুমোদিত না হয়ে থাকলে তা অনুমোদন করা হবে।
- আপনার আবেদনের সিদ্ধান্তটি ব্যক্তিগতভাবে আশ্রয়ের কার্যালয়ের দায়িত্বশীল কর্মকর্তারা দ্বারা অথবা আটক কর্তৃপক্ষের প্রধান অথবা ক্যাম্প অথবা আবাসন কর্তৃপক্ষের নিকট প্রদান করা হবে।
- যদি সিদ্ধান্তটি প্রত্যাখ্যান করা হয়, তবে আপনি ব্যক্তিগতভাবে আশ্রয় কার্যালয়ের দায়িত্বরত কর্মকর্তা নিকট আপিল আবেদন করতে পারবেন।
- যদি আপনি যেখানে বন্দি আছেন, অথবা তার কাছের অথবা সেখানকার আশ্রয় অফিসের স্বতন্ত্র শাখা কাজ না করে সেক্ষেত্রে আপনাকে নিকটবর্তী আঞ্চলিক আশ্রয়ের কার্যালয়ে নিয়ে যাওয়া হবে।
- যে আঞ্চলিক কার্যালয় থেকে আপনার সিদ্ধান্ত দেওয়া হয়েছে সেটি যদি আপনি যে অবসান ব্যবস্থায় অবস্থান করেন তার থেকে দূরে হয় তাহলে আপনার আপিল আবেদনটি নিকটবর্তী আঞ্চলিক আশ্রয় কার্যালয় অথবা আপনি যে বাসায় অবস্থান করেন তার প্রধানের নিকট জমা দিতে পারবেন।
- যদি সিদ্ধান্তটি ইতিবাচক হয় তবে আপনাকে মুক্তি দেওয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হবে। যেদিন আপনাকে মুক্তি দেওয়া হবে সেদিনই আপনাকে প্রয়োজনীয় কাগজপত্র দেওয়া হবে। অতঃপর, আপনাকে অবশ্যই আঞ্চলিক আশ্রয়ের কার্যালয়ে অবিলম্বে এসে আপনার বসবাসের ঠিকানা এবং যোগাযোগের তথ্য সম্পর্কে অবহিত করতে হবে।

**পরবর্তী আবেদন:**

HELLENIC REPUBLIC
Ministry of Migration & Asylum

'পরবর্তী আবেদন' হলো আন্তর্জাতিক আশ্রয়ের জন্য আবেদন। যা পুলিশ অথবা আশ্রয় কার্যালয় অথবা আপিল কমিটি অথবা আপনার পূর্ববর্তী আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন এর চূড়ান্ত প্রত্যাখ্যানের সিদ্ধান্তের পর পুনরায় আন্তর্জাতিক আশ্রয়ের জন্য আবেদন করা। আশ্রয় কার্যালয়ে 'পরবর্তী আবেদন' জমা দেওয়ার জন্য আপনাকে অবশ্যই গ্রীক পুলিশ অথবা আশ্রয় কার্যালয়ের চূড়ান্ত প্রত্যাখ্যানের সিদ্ধান্তটি গ্রহণ করতে হবে। এবং নতুন কারণ দর্শাতে হবে কেন আপনি আন্তর্জাতিক সুরক্ষার (আশ্রয়) জন্য অনুরোধ করেছেন।

'পরবর্তী আবেদন' করার জন্য আপনার বাসস্থান এর নিকটবর্তী আঞ্চলিক কার্যালয়ে অথবা আশ্রয় কার্যালয়ের স্বতন্ত্র শাখাতে আবেদন করতে হবে এবং নতুন কোন তথ্য প্রকাশিত হলে তা উল্লেখ করতে হবে। 'পরবর্তী আবেদন' জমা করার পর আপনাকে আন্তর্জাতিক আশ্রয়ের কার্ড দেওয়া হবে না ।

আশ্রয় কার্যালয় আপনি যে নতুন তথ্য উপস্থাপন করেছেন তা যাচাই-বাছাই করবে এবং সিদ্ধান্ত গ্রহণ করবে যে আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন এর জন্য গুরুত্বপূর্ণ কিনা। যদি 'পরবর্তী আবেদন' টি গ্রহণ করা হয় তখন আপনাকে আন্তর্জাতিক আশ্রয়ের কার্ড দেওয়া হবে এবং আপনার আবেদন পর্যবেক্ষণ আশ্রয় কার্যালয় থেকে প্রক্রিয়াধীন করা হবে।

যদি আশ্রয় কর্তৃপক্ষ আপনার 'পরবর্তী আবেদন' টি প্রত্যাখ্যান করে দেন, তবে আপনি আপিল কমিটির কাছে আপিল করতে পারবেন, যার সময়সীমা আপনাকে প্রদত্ত সিদ্ধান্তের নথিতে উল্লেখ করা থাকবে।

যদি আপনি দ্বিতীয়বার 'পরবর্তী আবেদন' জমা দেন, তবে আপনার আবেদন পর্যালোচনা সময় আপনি নির্বাসন অথবা প্রত্যাবর্তন থেকে রক্ষা পাবেন না।

HELLENIC REPUBLIC
Ministry of Migration & Asylum

এত দ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত বস্তু সহকারে শরণার্থী কার্যালয়ে প্রবেশ নিষেধ –

অস্ত্র, ধারালো কোন বস্তু যা ক্ষতি সাধন করে, বিস্ফোরক বা রাসায়নিক দ্রব্যাদি।

এছাড়াও ছোট আকারের হাতব্যাগ ও ফাইলপত্র ছাড়া যেকোনো ধরনের লাগেজ ব্যাগ বহনকারীদের প্রবেশ নিষেধ।

মোবাইল ফোন ব্যবহারেও বিধি—নিষেধ আছে। কার্যালয়ের ভেতরে কোন প্রকার ছবি ও ভিডিও ধারন করা সম্পূর্ণ নিষেধ।